গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয়ঃ ন্যাশনাল ট্রেড এ্যান্ড ট্রান্সপোর্ট ফ্যাসিলিটেশন কমিটি (এনটিটিএফসি)-র ৪র্থ সভার কার্যবিবরণী।**

সভাপতি : **জনাব টিপু মুনশি,** এমপি, মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
সভার তারিখ : ২৭ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ
স্থান : হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ঢাকা।

**সভার উপস্থিতি:**
সভায় বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান, লেজিসেলেটিভ ও সংসদ বিভাগ এর সচিব, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এর চেয়ারম্যান, এফবিসিসিআই এর সভাপতি, বিভিন্ন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব এবং উর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধানগণ, বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্প-১ (বিআরসিপি-১) এর তিনটি কম্পোনেন্টের প্রকল্প পরিচালক/উপ প্রকল্প পরিচালক এবং অন্যান্য সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

০২. **সভার প্রারম্ভিক আলোচনা:**

মাননীয় বাণিজ্য মন্ত্রী এর সভাপতিত্বে ৪র্থ এনটিটিএফসি'র সভার কার্যক্রম শুরু হয়। সভায় মাননীয় বাণিজ্য মন্ত্রী সবাইকে স্বাগত জানান। অত:পর তিনি সচিব, বাণিজ্য মন্ত্রণালয় কে সভা শুরু করার জন্য আহবান করেন। স্বাগত বক্তব্যে সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, অংশগ্রহণকারী সকল কর্মকর্তাসহ মাননীয় বাণিজ্য মন্ত্রী মহোদয়কে এই সভায় স্বাগত জানিয়ে NTTFC এর গঠন, কর্মপরিধি ও বিআরসিপি-১ প্রকল্পের ০৩টি অংগের কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা প্রদানপূর্বক এজেন্ডাভিত্তিক আলোচনায় সক্রিয় অংশগ্রহণ, মূল্যবান মতামত ও সুপারিশ প্রদানের আহবান জানান। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, তাঁর বক্তেব্যে ব্যবসা বাণিজ্যের উন্নয়ন বিশেষ করে আন্তর্জাতিক মানের পণ্যের বাজার সৃষ্টির বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি বক্তব্যে বিভিন্ন স্থলবন্দরগুলো সক্রিয় করার নিমিত্ত বিভিন্ন অবকাঠামোর উন্নয়ন আবশ্যক মর্মে অভিমত ব্যক্ত করে জানান যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক স্থল/নৌ বন্দরগুলোর উন্নয়নের জন্য Scanner স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। তিনি বলেন যে, National Single Window (NSW) এর মডিউল তৈরির কাজ চলছে এবং NSW এর সাথে সংশ্লিষ্ট সকল Stakeholder-কে Automation তথা আইটি সেক্টরের দক্ষতা উন্নয়ন প্রয়োজন।

২.১ মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় তাঁর প্রারম্ভিক বক্তব্যে NTTFC এর ৪র্থ সভায় উপস্থিত সবাইকে বিজয়ের শুভেচ্ছা, জাতির পিতা ও স্বাধীনতার স্থপতি এবং সকল শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করে বক্তব্য শুরু করেন। তিনি বলেন যে, বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য হলো বাণিজ্য প্রসারের মাধ্যমে দেশের সকল জনগণের মধ্যে কর্মসংস্থান সৃষ্টি ও রপ্তানি আয় বৃদ্ধি করে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশে পরিণত করা। তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা সমৃদ্ধির পথে হাঁটছি। ২০৪১ সালের লক্ষ্য অর্জনের জন্য ০৮-১০ শতাংশ হারে প্রবৃদ্ধি অর্জন করতে হবে। তিনি ট্রেড ফ্যাসিলেটেশন চুক্তি দক্ষতার সাথে বাস্তবায়ন ও পণ্যবহুমূখীকরণসহ প্রবৃদ্ধি অর্জনে বাণিজ্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকল অংশীজনকে নিয়ে সমন্বয়ের মাধ্যমে কাজ করার জন্য আহবান জানিয়ে বক্তব্য শেষ করেন।

**০৩.** মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয় সভায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন। সভায় উপস্থিত সম্মানিত কর্মকর্তাগণ এজেন্ডাভিত্তিক এবং সার্বিক বিষয়ে আলোচনায় স্বতস্ফুর্তভাবে অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- | --- |
| ৩.১ | **আলোচ্য বিষয়-১: এনটিটিএফসি'র ৩য় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**<br>কার্যবিবরণীর ওপরে মতামত/পরামর্শ আহবান করা হয়। পরামর্শ/সুপারিশ না থাকায় ৩য় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের বিষয়ে ঐক্যমত পোষণ করা হয়। | এনটিটিএফসি'র ৩য় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয় |
| ৩.২ | **আলোচ্য বিষয়-২: এনটিটিএফসি'র ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>এনটিটিএফসি'র ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। আলোচনায় জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান, প্রকল্প বাস্তবায়নের অংশ হিসেবে বিভিন্ন স্টাডি সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্ষেত্রে স্থানীয় পরামর্শক প্রতিষ্ঠানকে নিয়োগ প্রদানপূর্বক প্রাপ্ত প্রতিবেদন কারিগরী জ্ঞানসম্পন্ন ব্যাক্তিবর্গ দ্বারা যাচাইয়ের পর Validation Workshop করত: পরবর্তী কার্যক্রম গ্রহণের পরামর্শ প্রদান করেন। বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এর চেয়ারম্যান, স্টাডি সম্পন্নের বিষয়ে কারিগরী কমিটিতে এবং Validation Workshop এ বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এর সদস্য অন্তর্ভুক্তির জন্য অনুরোধ করেন। চেয়ারম্যান, মংলা বন্দর কর্তৃপক্ষ, ইনসেপশন রিপোর্ট, Validation Workshop এবং চূড়ান্ত প্রতিবেদন প্রণয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তা মনোনয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, পরামর্শক প্রতিষ্ঠান হতে প্রতিবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক মতামত গ্রহণের পর Validation Workshop এর মাধ্যমে স্টাডি রিপোর্ট গৃহীত হওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | পরামর্শক প্রতিষ্ঠান হতে প্রতিবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক মতামত গ্রহণের পর কারিগরী জ্ঞানসম্পন্ন ব্যক্তিদের সমন্বয়ে Validation Workshop এর মাধ্যমে স্টাডি প্রতিবেদন চূড়ান্ত করতে হবে। | বিআরসিপি-১/ ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয় |
| ৩.৩ | **আলোচ্যসূচী-৩: বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্প-১ এর অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্প-১ এর বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ অংগ, বাণিজ্য মন্ত্রণালয় অংগ, জাতীয় রাজস্ব বোর্ড অংগের প্রতিনিধি সভায় প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতি উপস্থাপন করে জানান যে, কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে এবং কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা নেই। অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি আলোচনায় পরিচালক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ জানান বাংলাদেশ ট্রেড পোর্টালে Frequently Asked | নারী উদ্যোক্তা কার্যক্রমে জয়ীতা ফাউন্ডেশন এবং এসএমই ফাউন্ডেশন; কৃষি পণ্য বাণিজ্যে কৃষি মন্ত্রণালয় ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং ট্রেড পোর্টাল কার্যক্রমে আইসিটি বিভাগকে অন্তর্ভুক্ত করতে হবে। | ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয়/ জাতীয় রাজস্ব বোর্ড/ বিআরসিপি-১ প্রকল্প |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- | --- |
| | Questions (FAQ) option অন্তর্ভুক্তির অনুরোধ জানান। যুগ্ম সচিব, মহিলা বিষয়ক অধিদপ্তর, নারী উদ্যোক্তা কার্যক্রমে জয়ীতা ফাউন্ডেশন এবং এসএমই ফাউন্ডেশনকে অন্তর্ভুক্তির অনুরোধ ব্যক্ত করেন। অতিরিক্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, Online Infrastructure Development এবং Freelancer-দের বাণিজ্য মন্ত্রণালয়ের ট্রেড সংক্রান্ত কার্যক্রমে সংযুক্তির বিষয়ে মতামত প্রকাশ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অন্তর্ভুক্তির অনুরোধ করেন। অতিরিক্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পযটন মন্ত্রণালয়, বিমানবন্দরের মাধ্যমে পণ্য আমদানি-রপ্তানি হয় বিধায় বিমান বন্দরের সার্ভিস সেন্টারের উন্নয়ন এবং এ প্রকল্পের NSW কার্যক্রমে সংযুক্তির জন্য অনুরোধ করেন। | বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্প-১ এ বিমানবন্দর কর্তৃপক্ষকে NSW কার্যক্রমের সাথে সংযুক্ত করতে হবে। | |
| ৩.৪ | **আলোচ্য বিষয়- ৪: NTTFC এর সিদ্ধান্ত মোতাবেক সম্পন্নকৃত ৩টি স্টাডি রিপোর্ট উপস্থাপন:** | | |
| | ন্যাশনাল ট্রেড এক্সপার্ট সভায় সম্পন্নকৃত ৩টি স্টাডি যথাক্রমে<br>a) Study on Review of Collaborative Border Management Institutional Meachanism for Coordinating across Sectors/Ministries and Countries.<br>b) Study on How Comparable Countries are Addressing Implementation of TFA.<br>c) Review of Policy, Laws and Regulations Governing Border Management and Operations in Bangladesh. রিপোর্ট উপস্থাপন করেন। আলোচনায় পরিচালক, এফবিসিসিআই, পণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে সমন্বয়পূর্বক বাণিজ্য তরান্বিত করার মতামত ব্যক্ত করেন। সদস্য (উন্নয়ন), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, Ease of Doing Business এর জন্য আন্ত:মন্ত্রণালয়ের সম্বনিত প্রচেষ্টা গ্রহণের জন্য আহবান করেন। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, উপস্থাপিত ০৩টি স্টাডির বিষয়ে জানান যে, অনেকগুলো উদ্দেশ্য নিয়ে ০৩টি স্টাডি বিশদভাবে সম্পন্ন করা হয়েছে। এ পর্যায়ে ০৩টি স্টাডির রিপোর্ট-এ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অংশ বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক মতামত গ্রহণ করে প্রয়োজনীয় সুপারিশ গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | সম্পন্নকৃত ০৩টি স্টাডির রিপোর্ট-এ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অংশ বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক মতামত গ্রহণ করে প্রয়োজনীয় সুপারিশ গ্রহণ করতে হবে। | বিআরসিপি-১/ বাণিজ্য মন্ত্রণালয় |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.৫ | **আলোচ্য বিষয়- ৫: NTTFC Secretariat গঠন সংক্রান্ত:**<br><br>Diagnostic Trade Integration Study (DTIS) এর সুপারিশ অনুযায়ী বাণিজ্য সংশ্লিষ্ট সংস্থা সমূহের মধ্যে সমন্বয় ও বাণিজ্য বাধা দূরীকরণের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার প্রতিনিধির সমন্বয়ে ৩৭ সদস্য বিশিষ্ট NTTFC কমিটি গঠন করা হয়। বিশ্বের বিভিন্ন দেশে বিশেষ করে NTTFC-র মাধ্যমে ট্রেড ফ্যাসিলেটেশন এগ্রিমেন্ট বাস্তবায়ন এর জন্য এ ধরণের সেক্রেটারিয়েট গঠন করা হয়েছে। এরই প্রেক্ষিতে বিশ্বব্যাংকের সাথে আলোচনায় NTTFC Secretariat গঠন সহ এর রোড ম্যাপ প্রস্তুতের নিমিত্ত কারিগরি সহায়তার উদ্দেশ্যে বিশ্বব্যাংক "Setting up a dedicated NTTFC Secretariat" সংক্রান্ত একটি প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। বিশ্বব্যাংক NTTFC Secretariat গঠনে একজন Advisor এবং ০২ জন স্থানীয় পরামর্শক নিয়োগপূর্বক সহায়তা প্রদানে মতামত প্রদান করেছে। NTTFC Secretariat গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় ও NTTFC কার্যকর করার নিমিত্ত এ ধরণের Secretariat গঠনের যৌক্তিকতার বিষয়ে সকলে ঐক্যমত পোষণ করেন। | বিশ্বব্যাংকের প্রস্তাবে নীতিগত সম্মতি প্রদানসহ আপাতত কর্মকর্তা প্রেষণ এবং কর্মচারী আউটসোর্সিংয়ের মাধ্যমে নিয়োগ প্রদান করে NTTFC Secretariat গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ডব্লিউটিও সেল/ বাণিজ্য মন্ত্রণালয় |
| ৩.৬ | **আলোচ্য বিষয়- ৬: ন্যাশনাল ট্রেড ফ্যাসিলিটেশন কমিটি (এনটিএফসি) এবং ন্যাশনাল ট্রেড এ্যান্ড ট্রান্সপোর্ট ফ্যাসিলিটেশন কমিটি (এনটিটিএফসি) একত্রীভূতকরণ:**<br><br>এনটিএফসি এবং এনটিটিএফসি এ দুটি কমিটির কর্মপরিধি এবং সদস্যবৃন্দ প্রায় একই হওয়াতে কমিটি দুটি একত্রীভূত করে ন্যাশনাল ট্রেড ফ্যাসিলেটেশন কমিটি (এনটিএফসি) পুর্নগঠন করে একটি কমিটি গঠন করার বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়। এ বিষয়ে কর্মপরিধি ও সদস্য ভুক্তিতে প্রয়োজনীয় সংশোধনের পরামর্শ দেয়া হয়। | এনটিটিএফসি এবং এনটিএফসি এ দুটি কমিটি একত্রীভূত করে "ন্যাশনাল ট্রেড ফ্যাসিলেটেশন কমিটি (এনটিএফসি)" নামে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প সারপত্র সংশোধনের সময় এ বিষয়ে প্রয়োজনীয় সংশোধনী করতে হবে। | বিআরসিপি-১/ বাণিজ্য মন্ত্রণালয় |
| ৩.৭ | **আলোচ্য বিষয়- ৭: Identification of Trade Related Acts/Policy/Rules for Review:**<br><br>NTTFC'র ৩য় সভার সিদ্ধান্তক্রমে বাণিজ্য সংশ্লিষ্ট যে সকল নীতিমালা/আইন/বিধিবিধান পর্যালোচনা করা প্রয়োজন তা নির্ধারণের জন্য গত ২৪-২৫ নভেম্বর ২০২০ তারিখে ০২ (দুই) দিন ব্যাপী একটি কর্মশালা | বাণিজ্য সংক্রান্ত বিষয়ে নীতিমালা/আইন/বিধিবিধান Review করার নিমিত্ত Cluster ভিত্তিক টিওআর | বিআরসিপি-১/ বাণিজ্য মন্ত্রণালয় |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বেসরকারী গবেষণা প্রতিষ্ঠান/ব্যবসায়ী সংগঠন হতে ৫০ জন অংশগ্রহণকারী মোট ৪২টি বাণিজ্য সংশ্লিষ্ট নীতিমালা/আইন/বিধিবিধান নিয়ে বিস্তারিত আলোচনাপূর্বক ৩৫টি নীতিমালা/আইন/বিধিবিধান Review করার সুপারিশ করেন।<br>সুপারিশকৃত ৩৫টি নীতিমালা/আইন/বিধিবিধান Review করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনায় ন্যাশনাল ট্রেড এক্সপার্ট জানান যে, ব্যবসা সহজীকরণসহ স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলার নিমিত্ত বাণিজ্য সংক্রান্ত নীতিমালা/আইন/বিধিবিধান সমূহ Review করার সুপারিশ করা হয়েছে। এছাড়া তিনি বলেন পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্ষেত্রে টিওআর প্রণয়ণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের/সংস্থার প্রতিনিধিদের অন্তর্ভুক্ত করা হবে। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, নীতিমালা/আইন/বিধিবিধান Review করার ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মতামত অগ্রাধিকারভিত্তিতে গ্রহণ করার জন্য আহবান করেন। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিভাগ, Trade Related Acts/Policy/Rules সমূহ Rules of Business মোতাবেক Review করার জন্য অনুরোধ করেন। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, Cluster ভিত্তিক নীতিমালা/আইন/বিধিবিধান Review করার বিষয়ে টিওআর প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে অনুমোদনসহ সকল কার্যক্রমে বাণিজ্য সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্তি এবং মতামত গ্রহণপূর্বক কার্যক্রম বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করেন। | প্রণয়নপূর্বক স্ব-স্ব মন্ত্রণালয় হতে অনুমোদনসহ সকল কার্যক্রমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্তি এবং মতামত গ্রহণপূর্বক বাস্তবায়ন করতে হবে। | |
| ৩.৮ | **আলোচ্য বিষয়- ৮:**<br>**৩.৮.১ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ:**<br>৩.৮.১.১ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সভাকে অবহিত করেন যে, আমদানীকৃত কন্টেইনারের প্রায় ৭৫% বন্দরের অভ্যন্তরে খালাসের কারণে ট্রাফিক জ্যাম অধিক সময় এবং অতি ব্যয় নির্বাহ হচ্ছে। বর্তমানে ১৭টি Off Dock- এ বন্দরের বাইরে পণ্য খালাস হচ্ছে। এ ধরনের Off Dock অথবা Waterless port এর সংখ্যা বাড়ানোর প্রস্তাব করা হয়। বিদ্যমান জনবলে ১৭টির অধিক Off Dock স্থাপন সম্ভব নয় মর্মে সভায় আলোচনা হয়। | নতুন Off Dock অথবা Waterless Port এর সংখ্যা বৃদ্ধির বিষয়টি বিবেচনার জন্য জাতীয় রাজস্ব বোর্ড ও নৌ-পরিবহণ মন্ত্রণালয় সমন্বয় করে কাজ করবে। | নৌ পরিবহণ মন্ত্রণালয়/ জাতীয় রাজস্ব বোর্ড |

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ৩.৮.১.২ E-অকশন কার্যক্রমে গতি বৃদ্ধির নিমিত্তে E-অকশন পদ্ধতি চালু করার প্রস্তাব করা হয়। | E- অকশন পদ্ধতি চালু করার বিষয়টি এনবিআরকে বিবেচনা করার জন্য অনুরোধ করা হয়। | জাতীয় রাজস্ব বোর্ড |
| | ৩.৮.১.৩ নদী পথে পণ্য পরিবহন সময় ও ব্যয় সাশ্রয়ী, পরিবেশ বান্ধব এবং সড়ক পথে পণ্য পরিবহনে বিদ্যমান চাপ কমানোর জন্য নতুন নতুন নদী বন্দর করার প্রস্তাব করা হয়। | নতুন নতুন নদী বন্দর স্থাপনের বিষয়টি বিবেচনার জন্য নৌ পরিবহণ মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। | নৌ পরিবহণ মন্ত্রণালয় |
| | **৩.৮.২ বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ:**<br>বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি বলেন যে স্থলপথে প্রতিবেশী দেশগুলোর সাথে আমদানি-রপ্তানি কার্যক্রমকে সহজতর ও গতিশীল করার লক্ষ্যে বর্তমানে ২৪টি শুল্ক স্টেশনকে স্থলবন্দর হিসেবে ঘোষণা করা হয়েছে এর মধ্যে ১২টি স্থলবন্দর চালু করা আছে। তবে বেনাপোল ব্যতিত অন্যান্য বন্দরে আমদানিযোগ্য সকল পণ্যের আমদানির অনুমতি নেই। বাণিজ্যের প্রসাব ঘটানোর নিমিত্ত বাকি বন্দরসমূহে সকল আমদানিযোগ্য পণ্যের আমদানির অনুমতি প্রদানের জন্য প্রস্তাব করা হয়। জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান পণ্য স্থলবন্দর দিয়ে আমদানি-রপ্তানির বিষয়ে Need based পণ্য আমদানি-রপ্তানির পরামর্শ দেন। | বিষয়টি নৌ পরিবহণ মন্ত্রণালয়/ জাতীয় রাজস্ব বোর্ডকে প্রয়োজনীয়তার ভিত্তিতে বিবেচনা করার জন্য অনুরোধ করা হয়। | নৌ পরিবহণ মন্ত্রণালয়/ জাতীয় রাজস্ব বোর্ড |
| | তিনি সভাকে আরো অবহিত করেন যে, দিনাজপুর জেলার বিরল স্থলবন্দরে রেলরুটের অনুমতি থাকলেও স্থলরুটের অনুমতি নেই। রেলরুটের পাশাপাশি সড়ক পথে আমদানি-রপ্তানি কার্যক্রম চালু করার লক্ষ্যে এ বন্দরে স্থলরুট ঘোষণা করা প্রয়োজন। একইসাথে বিরল শুল্ক স্টেশনের বিপরীতে ভারতীয় অংশে পশ্চিমবঙ্গের রাধিকাপুর জেলার গাওড়া স্থল শুল্ক স্টেশনে স্থলরুটে আমদানি-রপ্তানি কার্যক্রম দ্রুত চালু করার উপর গুরুত্ব দেওয়া প্রয়োজন। | বিষয়টি নৌ পরিবহণ মন্ত্রণালয়/ জাতীয় রাজস্ব বোর্ডকে বিবেচনা করার জন্য অনুরোধ করা হয়। | নৌ পরিবহণ মন্ত্রণালয়/ জাতীয় রাজস্ব বোর্ড |
| | এছাড়া তিনি আরো জানান যে, বন্দর কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন স্থলবন্দর উন্নয়ন ও আধুনিকায়নের কাজ হাতে নেওয়া হয়েছে। বন্দর এলাকায় বিভিন্ন স্থাপনা বাংলাদেশ-ভারত সীমান্তে অবস্থিত জিরো পয়েন্ট হতে ১৫০ গজের অভ্যন্তরে নির্মাণ করা হয়ে থাকে। জিরো পয়েন্ট হতে ১৫০ গজের মধ্যে নির্মাণ কাজে প্রায়শ: বিএসএফ কর্তৃক বাঁধার সম্মুখীন হতে হয়। এতে অনেক সময় উন্নয়ন কাজ বন্ধ হয়ে যায়। সেক্ষেত্রে আমদানি-রপ্তানি বাণিজ্য সহজতর করার স্বার্থে বিভিন্ন উন্নয়ন কাজে বিএসএফ এর সহযোগিতা প্রয়োজন। এক্ষেত্রে বিজিবি’র সহায়তা একান্ত প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। | বিষয়টি জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং নৌ পরিবহণ মন্ত্রণালয়কে বিবেচনা করার জন্য অনুরোধ করা হয়। | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং নৌ পরিবহণ মন্ত্রণালয় |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | **৩.৮.৩ মোংলা বন্দর কর্তৃপক্ষ:**<br>**৩.৮.৩.১** পচনশীল দ্রব্য বিশেষ করে খাদ্য সামগ্রী এর খাদ্যমান অক্ষুন্ন রাখার লক্ষ্যে Cold Chain Logistics চালু করার বিষয়ে সভায় উদ্যোগ গ্রহণের প্রস্তাব করা হয়। | বিষয়টি বিবেচনার জন্য নৌ পরিবহণ ও কৃষি মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। | নৌ পরিবহণ মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয় |
| | **৩.৮.৩.২** দেশের আমদানি রপ্তানি পণ্য সুষ্ঠুভাবে হ্যান্ডলিং এর জন্য দেশের বিভিন্ন এলাকায় Dry Port নির্মাণের উদ্যোগ গ্রহণের প্রস্তাব করা হয়। | বিষয়টি বিবেচনার জন্য নৌ পরিবহণ মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। | নৌ পরিবহণ মন্ত্রণালয় |
| ৩.৯ | **আলোচ্য বিষয়- ৯: প্রস্তাবিত ওয়ার্কিং গ্রুপ গঠন:**<br>**৩.৯.৩.১** Land Port সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ: নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন স্থলবন্দর সমূহের অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত একটি ওয়ার্কিং গ্রুপ স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যানকে আহবায়ক করে বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বর্ডার গার্ড বাংলাদেশ, বিএসটিআই, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সি এন্ড এফ এজেন্ট, আমদানি-রপ্তানিকারক, ব্যবসায়ী সংগঠন ও নারী উদ্যোক্তাদের এসোসিয়েশনের প্রতিনিধিদের নিয়ে গঠন করা যেতে পারে।<br>**কর্মপরিধি:**<br>ক) স্থলবন্দরসমূহের অবকাঠামোগত উন্নয়নে পরামর্শ প্রদান;<br>খ) স্থলবন্দরসমূহের সেবা প্রদান পদ্ধতির আধুনিকায়নে সুপারিশ প্রদান;<br>গ) দেশের অন্যান্য অবকাঠামোর সাথে স্থলবন্দরসমূহের সংযোগ সাধন। | ওয়ার্কিং গ্রুপসমূহের গঠন ও কর্মপরিধি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে আলোচনা এবং WTO এর Signatory'র বিষয়ে বিবেচনা করে ০৪টি ওয়ার্কিং গ্রুপ গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নৌ-পরিবহন মন্ত্রণালয় |
| | **৩.৯.৩.২** Connectivity **সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ:** আন্তঃমাধ্যমে (Multi-Modal System) পণ্য পরিবহন ব্যবস্থা নুতন করে গুরুত্ব পাচ্ছে। এর প্রেক্ষিতে সমন্বয় সাধনের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিবকে আহ্বায়ক করে বাণিজ্য মন্ত্রণালয়, নৌ পরিবহন মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, স্থলবন্দর কর্তৃপক্ষ, চট্রগ্রাম পোর্ট, মোংলা পোর্ট, এফবিসিসিআই, বিজিএমইএ- এর প্রতিনিধিদের নিয়ে Connectivity সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ গঠন করা | | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | যেতে পারে। | | |
| | **কর্মপরিধি:**<br>ক) দেশের সমুদ্রবন্দরের সাথে অন্যান্য পরিবহন (বিমান + সমুদ্র/নদী + রেল + সড়ক) ব্যবস্থার সাথে যোগাযোগ স্থাপনসহ বিদ্যমান ব্যবস্থাকে একটি সমন্বিত উন্নত পরিবহন ব্যবস্থায় (Multi-Modal Transport System) রূপান্তরকরণ;<br>খ) সমন্বিত উন্নত পরিবহন ব্যবস্থা গঠনের নিমিত্তে প্রয়োজনীয় নীতিমালা/বিধিবিধান প্রণয়নের সুপারিশ প্রদান এবং সমন্বয় সাধন। | | |
| | **৩.৯.৩.৩ Standard সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ:** ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে কারিগরি বাধা দূর করার মাধ্যমে রপ্তানি বাণিজ্য সম্প্রসারণ এবং পণ্য ও সেবায় দেশীয় ও বিদেশী ভোক্তাদের আস্থা অর্জনে সহায়তা করার জন্য বিএসটিআই'র মহাপরিচালককে আহবায়ক করে কৃষি মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিআইডিএস, কৃষি ও মৎস্য প্রক্রিয়াজাত পণ্যের রপ্তানিকারক, এফবিসিসিআই, এমসিসিআই এর প্রতিনিধিদের নিয়ে Standard সংক্রান্ত একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা যেতে পারে।<br>**কর্মপরিধি:**<br>ক) Sanitary and Phyto-sanitary (SPS) এবং Technical Barriers to Trade (TBT) সংক্রান্ত তথ্য, নীতিমালা, বিধিবিধান সংগ্রহ ও বিশ্লেষণ করে সুনির্দিষ্ট সুপারিশ পেশ করবে;<br>খ) SPS এবং TBT সংক্রান্ত সমস্যা চিহ্নিত পূর্বক তা সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ পেশ করবে;<br>গ) আমদানি ও রপ্তানিযোগ্য পণ্যের মান নিয়ন্ত্রণে Conformity Assessment এর জন্য বিমান ও স্থলবন্দরে পর্যাপ্ত ল্যাবরেটরি স্থাপনের সম্ভাব্যতা যাচাই ও সুপারিশ প্রণয়ন। | | শিল্প মন্ত্রণালয় |
| | **৩.৯.৩.৪ Intellectual Property Rights সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ:** শিল্প মন্ত্রনালয়ের অতিরিক্ত সচিবকে আহ্বায়ক করে বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, বিএসটিআই, বাংলাদেশ কপিরাইট অফিস, ঔষধ প্রশাসন অধিদপ্তর, এফবিসিসিআই ও এমসিসিআই এর প্রতিনিধিদের নিয়ে ইনটালেকচুয়াল প্রপার্টি অবকাঠামো | | শিল্প মন্ত্রণালয় |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | এবং আইনের প্রয়োগের সাথে সম্পৃক্ত এজেন্সি যথা শিল্প, বাণিজ্য মন্ত্রণালয়, কাস্টমস্, পুলিশ ইত্যাদির মধ্যে সমন্বয় সাধনের জন্য "Intellectual Property Rights" সংক্রান্ত একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা যেতে পারে।<br><br>**কর্মপরিধি:**<br>ক) IPR সংক্রান্ত হালনাগাদ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ পেশকরণ;<br>খ) The Agreement on Trade-Related Aspects of Intellectual Property Rights (TRIPS) সংক্রান্ত অবকাঠামো ও এর আইনানুগ প্রয়োগ সংক্রান্ত সমস্যা চিহ্নিত করে তা সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ;<br>গ) Geographical Indication (GI) এর তালিকা প্রণয়ন ও তা হালনাগাদকরণ;<br>ঘ) ঔষধের মেধাস্বত্ব সংরক্ষণের ক্ষেত্রে বাংলাদেশের ফার্মাসিউটিকাল শিল্প যাতে সর্বোচ্চ সুবিধা গ্রহণ করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;<br>ঙ) TRIPS চুক্তির আলোকে নতুন নীতিমালা/বিধিবিধান প্রণয়ন ও সংশোধনে সুপারিশ করা।<br>সভায় প্রতিটি ওয়ার্কিং গ্রুপ এর গঠন ও কর্মপরিধি নিয়ে বিস্তারিত আলোচনা হয় ও এই ০৪টি ওয়ার্কিং গ্রুপ গঠনের বিষয়ে সবাই ঐক্যমত পোষণ করেন। | | |
| ৩.১০ | **বিবিধ:** প্রতি ০৩ (তিন) মাস অন্তর NTTFC'র সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রতি ০৩ (তিন) মাস অন্তর NTTFC'র সভা আয়োজনের প্রচেষ্টা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিআরসিপি-১/ ডব্লিউটিও সেল বাণিজ্য মন্ত্রণালয় |

০৫. সভায় সকলের সক্রিয় অংশগ্রহণ এবং মূল্যবান মতামত প্রদানের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(টিপু মুনশি, এমপি)
মন্ত্রী
বাণিজ্য মন্ত্রণালয় এবং
সভাপতি, এনটিটিএফসি

স্মারক নং-২৬.০০.০০০০.১৩৩.৯৩.০২৭.১৮- ০২ তারিখ: ০৭/০১/২০২১

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
২. চেয়ারম্যান (সিনিয়র সচিব), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
৩. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা
৫. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, সড়ক ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
১১. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা
১২. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা
১৪. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা
১৫. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সচিব, রেলপথ মন্ত্রণালয়, আব্দুল গণি রোড, ঢাকা
১৮. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম
২২. চেয়ারম্যান, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা
২৩. মহাপরিচালক, বিএসটিআই, মান ভবন, ১১৬/এ তেজগাঁও, ঢাকা
২৪. অতিরিক্ত সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫. অতিরিক্ত সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৬. অতিরিক্ত সচিব (এফটিএ), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৭. অতিরিক্ত সচিব (পরিকল্পনা সেল), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৮. ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা
২৯. প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা
৩০. চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা
৩১. চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, ঢাকা
৩২. চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ, ভবন, মতিঝিল বা/এ, ঢাকা
৩৩. প্রকল্প পরিচালক, জাতীয় রাজস্ব বোর্ড অংগ, বিআরসিপি-১, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
৩৪. প্রকল্প পরিচালক, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ অংগ, বিআরসিপি-১, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরান বাজার, ঢাকা-১০০০
৩৫. জনাব মো: মুনীর চৌধুরী, ন্যাশনাল ট্রেড এক্সপার্ট, বাণিজ্য মন্ত্রণালয় অংগ, বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ফরেন ট্রেড ইনিস্টিটিউট, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা
৩৭. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ই-১৭ আগারগাঁও, শেরে-ই-বাংলানগর, ঢাকা
৩৮. প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা
৩৯. সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিস (ডিসিসিআই) ডিসিসিআই বিল্ডিং, মতিঝিল বা/এ, ঢাকা

**<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>**

১। প্রকল্প পরিচালক, বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয়
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। মহাপরিচালক, ডব্লিউটিও সেল মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা